

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ  
<http://www.mof.gov.bd>

নং- ০৭.০০.০০০০.১৮৫.১৬.০০১.১৮-৪৪

তারিখঃ- ১৭/০১/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ- 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮'-এ অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় জাতীয় বাজেট দলিলাদির সাথে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা শীর্ষক একটি প্রকাশনা ২০১৮-১৯ অর্থবছরের বাজেট অধিবেশনে পেশ করা হবে। সে লক্ষ্যে ইতোমধ্যে 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮' প্রণয়নের কাজ হাতে নেয়া হয়েছে। দেশের আর্থ-সামাজিক অগ্রগতি ও সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতি বিশেষত: জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে গৃহীত কর্মসূচি, উন্নয়ন নীতি ও কৌশল, সংস্কারমূলক কার্যক্রম, লক্ষ্যমাত্রা (উৎপাদন, আয়, ব্যয়, প্রবৃদ্ধি, ইত্যাদি) এবং অর্জিত ফলাফল 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮'-এ তুলে ধরা হবে। সামষ্টিক অর্থনীতির গুরুত্বপূর্ণ বিষয়াদি ও অর্থনীতির গুরুত্বপূর্ণ খাত পর্যালোচনার পাশাপাশি সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে দারিদ্র্য বিমোচন, মানব সম্পদ উন্নয়ন এবং বেসরকারি খাত উন্নয়ন সম্পর্কিত তথ্যাদিও সমীক্ষায় উপস্থাপন করা হবে।

২। এ প্রকাশনায় বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রমের অগ্রগতির প্রাসঙ্গিক পরিসংখ্যানগত তথ্য ও বর্ণনা অন্তর্ভুক্ত করা হবে। 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮' এর জন্য প্রয়োজনীয় তথ্য ও বর্ণনা সম্বলিত প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭'-এ প্রকাশিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট অংশ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮' এ প্রতিফলনের জন্য প্রেরিতব্য প্রতিবেদনে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত করা প্রয়োজন তার একটি তালিকা দেয়া হলো:

- (ক) বছরওয়ারী ২০০১-০২ হতে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত লক্ষ্যমাত্রা ও বিভিন্ন কার্যক্রম/কর্মসূচি এবং প্রকৃত অগ্রগতির (হাস/বৃদ্ধির) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ (Write-up);
- (খ) ২০১৭-১৮ অর্থবছরের বিভিন্ন কার্যক্রম/কর্মসূচির লক্ষ্য ও সর্বশেষ অর্জিত অগ্রগতির (হাস/বৃদ্ধির) তুলনামূলক পরিসংখ্যান, তথ্য ও বিবরণ (Write-up), চার্ট, সারণি ও ক্ষেত্র বিশেষে বক্সসহ;
- (গ) সাম্প্রতিককালে গৃহীত আর্থিক সংস্কার/নীতি এবং সুশাসন সংক্রান্ত কার্যক্রমের (২০১৭-১৮ অর্থবছরের) বিশদ বিবরণ;
- (ঘ) দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ঋণ ও বেসরকারিকরণ বিষয়ে গৃহীত/প্রণীতব্য কার্যক্রম থাকলে তথ্যসহ তার বিশদ বিবরণ;
- (ঙ) তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের জন্য ইতোমধ্যে গৃহীত ও গৃহীতব্য কার্যক্রমের বিশদ বিবরণী;
- (চ) জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত হালনাগাদ তথ্যসহ পরিবেশ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি।

৩। উপর্যুক্ত বর্ণনার আলোকে 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮'-এ অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত হালনাগাদ তথ্য-উপাত্তসহ বিশ্লেষণমূলক প্রতিবেদন আগামী ১১ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নতুন অর্থ ভবন, কক্ষ নং-৩০১) বরাবর এবং প্রতিবেদনের সফট কপি (অত্র কীবোর্ড/নিকোশ ফন্ট) amonsur@finance.gov.bd এবং amaksud@finance.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানানো হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

সাইফুল আলম হামিদী  
২৭/০৩/২০১৮

(মোঃ সাইফুল আলম হামিদী)  
অর্থনৈতিক উপদেষ্টা  
ফোনঃ ৯৫৭৬৫৫২

.....  
.....  
.....

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।